



নারায়ণকুল ড্রিম মডেল স্কুল অ্যান্ড কলেজ

নারায়ণকুল (ওয়ার্ড নং-৪২), পূবাইল, গাজীপুর

ওয়েবসাইট: www.ndmsc.weebly.com ফেসবুক: www.facebook.com/ndmsc.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ০৮/০৭/২০২১

জাপানের একজন শিক্ষানুরাগী কর্তৃক বাংলাদেশে ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে নারায়ণকুল ড্রিম মডেল স্কুল অ্যান্ড কলেজ। প্রতিষ্ঠানটি জাপানের একটি বিখ্যাত ড্রিম স্কুলের আদলে গড়ে উঠেছে। এটি পরিচালনার দায়িত্বে রয়েছে 'স্কুল এইড জাপান'। এখানে সরাসরি জাপানি ব্যবস্থাপকদের তত্ত্বাবধানে বাংলাদেশের স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত শিক্ষক/শিক্ষিকাগণ কর্মরত আছেন। শিক্ষা ও কাজের সুবিধার্থে অত্র প্রতিষ্ঠানে অনুকূল পরিবেশ তৈরি করা হয়েছে। যেমন: সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত অফিস কক্ষ, উচ্চক্ষমতা সম্পন্ন স্বয়ংক্রিয় জেনারেটর, উচ্চগতির ওয়াই-ফাই ইন্টারনেট, সমৃদ্ধ লাইব্রেরি, সুবিশাল খেলার মাঠ ইত্যাদি। এই বহুমুখী মডেল স্কুল অ্যান্ড কলেজে নিম্নলিখিত পদে নিয়োগের জন্য সং, মেধাবী ও পরিশ্রমী প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

নং	পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন
১।	প্রভাষক: বাংলা-১; পদার্থবিজ্ঞান-১; গণিত-১	১। সংশ্লিষ্ট বিষয়ে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/দ্বিতীয় শ্রেণি/সমমানের জিপিএসহ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর ২। ইংরেজি ভাষানে পাঠদানে সক্ষম হতে হবে।	► মাসিক বেতন ২৫,০০০ টাকা থেকে শুরু এবং প্রতিষ্ঠানের বিধি মোতাবেক বোনাস ও অন্যান্য সুবিধা দেওয়া হবে। (বয়স, অভিজ্ঞতা এবং বিশেষ দক্ষতার বিবেচনায় বেতন আরও বেশি হতে পারে।) ► ভবিষ্যতে বিদেশ থেকে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণের সুযোগ আছে।
<p>আগ্রহী প্রার্থীদের অধ্যক্ষ, নারায়ণকুল ড্রিম মডেল স্কুল অ্যান্ড কলেজ, নারায়ণকুল (ওয়ার্ড নং-৪২), পূবাইল, গাজীপুর-১৭২১ বরাবর ডাকযোগে অথবা সরাসরি অথবা ndmsc.hr@gmail.com ই-মেইলে আগামী ৩১/০৭/২০২১ তারিখ বিকাল ৪.০০ টার মধ্য আবেদনপত্র পৌঁছাতে হবে।</p> <p>আবেদনের নিয়মাবলিসহ বিস্তারিত জানতে ভিজিট করুন: www.ndmsc.weebly.com/career বি:দ্র: নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।</p>			